তারিখ 09 MAY 2015
পৃষ্ঠা ১৪ কলাম ২

# দিনাজপুর সরকারি মহিলা কলেজে পরীক্ষার্থীদের বিক্ষোভ

■ দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর সরকারি মহিলা কলেজে এইচএসসি পরীক্ষার্থীদের পরীক্ষার নির্দিষ্ট সময়ের আগেই খাতা নিয়ে নেওয়ায় বিক্ষোভ ও ভাঙচুর করেছে শিক্ষার্থীরা। এ ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ওই কেন্দ্রে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

দিনাজপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর সঙ্গীত কলেজ, হলিল্যান্ড কলেজ ও কমার্শিয়াল কলেজের মোট ৭৭৮ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে। ওই কেন্দ্রে বৃহস্পতিবার বিজ্ঞান বিভাগের পদার্থ প্রথমপত্র বিষয়ে ৫৭১ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগের ১৬১ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষা চলার নিয়ম বিজ্ঞান বিভাগে সকাল ১০টা থেকে দুপুর ১২টা ১০ পর্যন্ত লিখিত ও পরবর্তী ১০ মিনিট বিরতি শেষে ৩৫ মিনিট নৈর্ব্যক্তিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

পরীক্ষার্থীদের অভিযোগ, লিখিত পরীক্ষা দুপুর ১২টা ১০ মিনিটে শেষ হলেও নৈর্ব্যক্তিক পরীক্ষা শুরু হয়েছে প্রায় ১৪ মিনিট পর। এতে তাদের ৪ মিনিট ক্ষতি হয়েছে। এরপর নৈর্ব্যক্তিক খাতা নিয়ে নেওয়া হয়েছে নির্দিষ্ট সময়ে পরীক্ষা শেষ হওয়ার আগেই। ১২টা ৫৫ মিনিটে ঘণ্টা দেওয়ার কথা থাকলেও এর ৩-৪ মিনিট আগে ঘণ্টা পড়েছে এবং দায়িত্বরত শিক্ষকরা তাদের খাতা কেড়ে নিয়েছেন। এ সময় শিক্ষার্থীদের কোনো কথা কর্ণপাত করা হয়নি। এতে অনেকেই পুরো নৈর্ব্যক্তিক দাগাতে পারেনি। দিনাজপুর কোতোয়ালি থানার এসআই বিশ্বনাথ দাস জানান, পরীক্ষা কেন্দ্রে বিশৃঙ্খলা এড়াতে ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হয়েছে এবং শিক্ষার্থীদের বের করে দেওয়া হয়েছে। কারণ ওই পরীক্ষার পরও একটি পরীক্ষা ছিল।

দিনাজপুর মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আনজুমান আখতার জানান, নির্দিষ্ট সময়ে ঘণ্টা দেওয়া হয়েছে এবং তাদের খাতা নেওয়া হয়েছে। পরীক্ষায় প্রশ্নপত্র কঠিন হওয়ায় শিক্ষার্থীরা অযৌক্তিকভাবে অতিরিক্ত সময় দাবি করছিল।